# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**27 MAY 2026** **7:45—7:55 PM**

---

(১) আসাম বিধানসভায় অভিন্ন দেওয়ানি বিধি ধ্বনি ভোটে গৃহিত/

(২) রাজ্যসরকারের সমগ্র শিক্ষা- আসামের ঠিকাভিত্তিক শিক্ষকদের মুখ্যমন্ত্রী লোকসেবা আরোগ্য সেবা যোজনার আওতায় আনার সিদ্ধান্ত/

(৩) অনুপ্রবেশ ও জনবিন্যাসের অস্বাভাবিক পরিবর্তন আসামের পাশাপাশি জাতীয় সুরক্ষা, সাংস্কৃতিক পরিচয় ও সামাজিক ভারসাম্য রক্ষার ক্ষেত্রে প্রত্যাহ্বান হয়ে পড়েছে বলে মুখ্যমন্ত্রীর প্রকাশ/

এবং

(৪) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আগামীকাল ইসলাম ধর্মাবলম্বীদের পবিত্র উৎসব ঈদ-উজ-জোহা উপলক্ষে প্রস্তুতি সম্পূর্ণ/ রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের এই উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন/

--------------------------------------------------------------------------------

ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশনের আজ শেষ দিনে বহুচর্চিত অভিন্ন দেওয়ানী বিধি সম্পর্কিত বিল ধ্বনি ভোটে গৃহীত হয় । এর আগে বিলটি সম্পর্কে অনুষ্ঠিত আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে অভিন্ন দেওয়ানী বিধির একটি সুদীর্ঘ ইতিহাস রয়েছে । ভারতে ২০২৫ সাল থেকে এই বিধি সম্পর্কে কাজ অব্যাহত রয়েছে । বহু বিবাহ সভ্য সমাজের প্রথা হতে পারেনা বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে ধর্ম নিরপেক্ষ দেশে সংবিধান মেনে শাসন চলবে । সংবিধানের ৪৪ নম্বর অনুচ্ছেদ অনুসারে অভিন্ন দেওয়ানী বিধি বলবৎ হবে বলে প্রকাশ করে তিনি বলেন যে এই বিষয়ে বিজেপি বা আর এস এস এর কোনো স্বার্থ নেই

।জনজাতি লোকেদের নিজস্ব নিয়ম রয়েছে বলে উল্লেখ করে ড: শর্মা বলেন যে জনজাতি সমাজে বহু বিবাহকে কখোনো স্বীকৃতি দেওয়া হয়না সেজন্য তাদেরকে অভিন্ন দেওয়ানী বিধির আওতার বাইরে রাখা হয়েছে ।

অভিন্ন দেওয়ানী বিধির মাধ্যমে সংখ্যালঘুদের তোষণ বন্ধ হবে বলে মুখ্যমন্ত্রী দৃঢতার সংগে প্রকাশ করেন । তিনি কংগ্রেস দল বিশেষ ধর্মীয় গোষ্ঠীর স্বার্থের জন্য কাজ করে বলে অভিযোগ করেন । ড: শর্মা জনপ্রতিনিধিদের ধর্ম নিরপেক্ষতা বজায় রেখে কাজ করতে আহ্বান জানান । তিনি বলেন অভিন্ন দেওয়ানী বিধি বিবাহ ও বিচ্ছেদের মতো বিষয়গুলি নিয়ন্ত্রণ করবে । ড: শর্মা এসম্পর্কে বলেন

বাইট-----

ক্ষমতাসীন বিজেপি দলের বিধায়ক পীযুষ হাজারিকা বিতর্কে অংশ গ্রহণ করে জাতীয় সংহতি ও সমতার জন্য বিলটি জরুরী বলে মন্তব্য করেন । একইভাবে শাসক পক্ষের হয়ে বিশ্বজিৎ দৈমারি বিলটির সপক্ষে যুক্তি তুলে ধরেন ।

বিধানসভায় বিরোধী দলনেতা ওয়াজেদ আলী চৌধুরী আলোচনায় অংশ নিয়ে আসামে অভিন্ন দেওয়ানী বিধির প্রয়োজন নেই বলে মন্তব্য করেন ।

অভিন্ন দেওয়ানী বিধি বিলটি গৃহীত হোয়ার পর মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা উত্তর লক্ষিমপুর বিশ্ববিদ্যালয় ( সংশোধনী ) বিলটি সভায় বিবেচনার জন্য উত্থাপন করেন ।

---

অনুপ্রবেশ ও জনবিন্যাসের অস্বাভাবিক পরিবর্তন শুধু আসামের সমস্যা নয় বরং এটি জাতীয় সুরক্ষা , সাংস্কৃতিক পরিচয় ও সামাজিক ভারসাম্য রক্ষার ক্ষেত্রে প্রত্যাহ্বানের বিষয় হয়ে পড়েছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা প্রকাশ করেছেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ঘোষণা করা জনবিন্যাস সম্পর্কিত উচ্চস্তরীয় কমিটি গঠনের প্রতি স্বাগত জানিয়ে ড: শর্মা আজ সামাজিক মাধ্যমে এই সিদ্ধান্তকে দূরদর্শী ও নির্ণায়ক পদক্ষেপ বলে অভিহিত করেন।তিনি বলেন যে কমিটি জনবিন্যাসের পরিবর্তনের বিষয়ে অধ্যয়ন করবে ও দৃঢভাবে এর সমাধান করবে । এর ফলে জাতীয় নিরাপত্তা অধিক শক্তিশালী হবে বলে তিনি মন্তব্য করেন । আসামে দীর্ঘদিন থেকে উদ্ভুত সমস্যা রোধের ক্ষেত্রে এই সিদ্ধান্ত সহায়ক হবে বলে তিনি আশা প্রকাশ করেন । উল্লেখ্য কেন্দ্রীয় সরকার গতকাল জনবিন্যাস পরিবর্তনের প্রভাব সম্পর্কে পর্যালোচনা করা সহ অনুপ্রবেশ রোধ করতে একটি উচ্চস্তরীয় কমিটি গঠন করে ।

---

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য বলেছেন যে- প্রযুক্তির উত্তরণ, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং বিশ্বব্যাপী প্রতিযোগিতার এই যুগে শিক্ষার উৎকর্ষ সাধনের পাশাপাশি দক্ষতা, উদ্ভাবনী ক্ষমতা, নৈতিক মূল্যবোধের উপর সবসময় গুরুত্ব আরোপ করা উচিত । কটন বিশ্ববিদ্যালয়ের ১২৬ বছরের প্রতিষ্ঠা দিবসের সঙ্গে সঙ্গতি রেখে আজ বিশ্ববিদ্যালয়ে আয়োজিত বিশেষ অনুষ্ঠানে রাজ্যপালের উৎকর্ষ পুরস্কার প্রদান করে শ্রী আচার্য একথা বলেন । ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি বিকশিত রাষ্ট্র হিসেবে গড়ে তোলার দৃষ্টিভঙ্গীর বিষয়ে উল্লেখ করে রাজ্যপাল উন্নত এবং আত্মনির্ভর রাষ্ট্র গঠনের প্রক্রিয়ায় আসামের যুবক-যুবতীগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আস্থা প্রকাশ করেন । তিনি বলেন যে- কোনো একটি দেশের শক্তি তার যুব প্রজন্মের মধ্যেই নিহিত থাকে । এবং তাদের দৃঢ়তা ও দূরদর্শিতা রাষ্ট্রের ভবিষ্যত নির্দ্ধারণ করে । তিনি শিক্ষার্থীদের বড় স্বপ্ন দেখতে ও প্রত্যাহ্বানের সম্মুখীন হলে নির্ভীকভাবে সমাজ তথা রাষ্ট্রের সেবায় নিজেকে উৎসর্গ করার আহ্বান জানিয়েছেন ।

---

রাজ্যসরকার সমগ্র শিক্ষা- আসামের ঠিকা ভিত্তিক শিক্ষকদের মুখ্যমন্ত্রী লোকসেবা আরোগ্য সেবা যোজনার আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে । সমগ্র শিক্ষার মিশন সঞ্চালক ওম প্রকাশ ঠিকা ভিত্তিক শিক্ষকদের জন্যেও নগদ অর্থ বিহীন চিকিৎসার সুবিধা প্রদান সম্পর্কে সব জেলার মিশন সমন্বয়ককে আজ চিঠি পাঠিয়েছেন । এই চিঠিতে উল্লেখ করা হয়েছে যে- এরজন্য মুখ্যমন্ত্রী লোকসেবা আরোগ্য যোজনার আওতায় চিকিৎসা সেবার সুবিধা নিতে আগ্রহী শিক্ষকদের কাছ থেকে সম্মতি পত্র নিতে হবে । অনুরূপভাবে শিক্ষকদেরও আরোগ্য যোজনার অধীনে অর্থ কাটার অনুমতি দিতে হবে । মিশন সঞ্চালক ওম প্রকাশ আগামী ১৫ জুনের মধ্যে ঠিকা ভিত্তিক শিক্ষকদের কাছ থেকে এই যোজনায় অর্ন্তভুক্তির জন্য যাবতীয় অনুমতি পত্র সংগ্রহ করতে বলেছেন ।

---

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা- সি বি আই চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পাঠ্যক্রমে ভর্তির জন্য নীট- ইউ জি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়া সংক্রান্ত মামলায় আরো দুজনকে গ্রেপ্তার করেছে । তদন্তকারী সংস্থা এপর্যন্ত এই মামলায় দিল্লি, জয়পুর, গুরুগ্রাম, নাসিক, পুনে, লাতুর এবং অহল্যা নগর থেকে ১৩ জন অভিযুক্তকে গ্রেপ্তার করেছে । সি বি আই এই ঘটনার পরিপ্রেক্ষিতে এপর্যন্ত দেশের বিভিন্ন প্রান্তের ৪৯ টি স্থানে তল্লাশি চালিয়ে বহু আপত্তিকর নথিপত্র, ল্যাপটপ এবং মোবাইল ফোন বাজেয়াপ্ত

করেছে । উল্লেখ্য- প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগে গত তেসরা মে অনুষ্ঠিত নীট- ইউ জি পরীক্ষা বাতিল করতে হয়েছে।

---------------------------------------------------------------------------------------------------

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য ঈদ- উজ- জোহার প্রাক সন্ধ্যায় রাজ্যবাসীকে বিশেষ করে ইসলাম ধর্মাবলম্বী লোকেদের শুভেচ্ছা জানিয়েছেন । রাজ্যপাল তাঁর বার্তায় বলেছেন যে- ঈদ-উজ-জোহা ত্যাগ, করুণা, দয়া, আস্থা এবং ভ্রাতৃত্ববোধের শাশ্বত মূল্যবোধকে প্রতিফলিত করে । তিনি একইসঙ্গে সমাজের সকল শ্রেণীর লোকেদের মধ্যে ঐক্যের বন্ধন সুদৃঢ় করে শান্তি- সম্প্রীতি এবং পারস্পরিক সম্মানের মনোভাব নিয়ে এই উৎসব পালন করতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন ।

এই পবিত্র উৎসব একটি সর্বাত্মক ও প্রেম- ভালোবাসায় ভরা সমাজ গড়ার সদিচ্ছা, সহিষ্ণুতা এবং সামগ্রিক দায়িত্বের আদর্শরাজি বজায় রাখতে সকলকে অনুপ্রাণিত করবে বলে রাজ্যপাল আশা প্রকাশ করেছেন । আসামের সদভাবনা ও ভ্রাতৃত্ববোধের চিরাচরিত ঐতিহ্য রাজ্যের মহান শক্তি বলে অভিহিত করে শ্রী আচার্য এই উৎসব রাজ্যের জনসাধারণের মধ্যে ঐক্য ও বন্ধুত্বের বন্ধন আরো সুদৃঢ় করবে বলে আশা প্রকাশ করেছেন । দেশের বিভিন্ন অংশের সঙ্গে আসামেও আগামীকাল ইসলাম ধর্মাবলম্বী লোকেরা উৎসাহ উদ্দীপনায় পবিত্র ঈদ-উজ-জোহা পালন করবেন । এই উৎসবকে ঈদ-উল-আজহা বলা হয় ।

---------------------------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সংগে বরাক উপত্যকার তিনজেলায় ও আগামীকাল ইসলাম ধর্মালম্বীদের পবিত্র উৎসব ঈদ - উদ -জোহা উৎসাহ উদ্দীপনায় পালন করা হবে ।

কাছাড় জেলায় এ উপলক্ষে প্রস্তুতি সম্পূর্ন করা হয়েছে। ঈদগাহগুলিকে সুন্দর করে সাজিয়ে তোলা হয়েছে ।শিলচরে ইটখলা ঈদগাহতে আগামীকাল সকাল ৮ টায় ঈদের নামাজ পরিচালনা করবেন শিলচর বড়মসজিদের শাহি ইমাম মৌলানা সাব্বির আহমেদ ।

এদিকে টিকরবস্তি ঈদগাহ ময়দানে আগামীকাল সকাল ৮ টায় নামাজ পড়াবেন শিলচর আলিয়া মাদ্রাসার মুহাদ্দিস মোলানা মকবুল হোসেন ।

---------------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় ও আগামীকাল ইসলাম ধর্মালম্বীদের পবিত্র উৎসব ঈদ -উদ - জোহা পালন করা হবে । এ উপলক্ষে জেলার প্রতিটি ঈদগাহকে ঈদের নামাজের জন্য সাজিয়ে তোলা হয়েছে ।

হাইলাকান্দি জেলার কাটলীছড়া বাস ষ্টেন্ড ঈদগাহে সকাল সাড়ে আটটায় ঈদের নামাজ পরিচালনা করবেন বিশিষ্ট ইসলামিক পন্ডিত সারিফুল হক ।

এদিকে হাইলাকান্দি টাউন ঈদগাহতে ঈদের নামাজ পরিচালনা করবেন মৌলানা তৈয়বুর রহমান লস্কর । জেলার কাটলীছড়া আলগাপুর সহ অন্যান্য স্থানে শান্তিপূর্নভাবে ঈদ পালনের জন্য প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে । হাইলাকান্দি জেলা প্রশাসন এই উৎসব উপলক্ষে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আগামীকাল সকাল ৭টায় করিমগঞ্জ টাউন ঈদগাহে ঈদ-উজ -জোহার পবিত্র নামাজ পাঠ করাবেন মৌলানা হাফিজ মুফতি ইমরান হুসেইন কাসিমী । অন্য দিকে শ্রীগৌরী-উমরপুর ঈদগাহ ময়দানে সকাল ৬টায় ঈদের নামাজ পরিচালনা করবেন উত্তর-পূর্ব ভারতের আমীরে শরীয়ত ও শায়খুল হাদীস হজরত মৌলানা ইউসুফ আলী ।

এদিকে শ্রীভূমি জেলা প্রশাসন থেকে জেলায় ঈদ-উজ -জোহা উৎসব শান্তিপূর্নভাবে উদযাপন করতে জেলার পাঁচটি চক্রে পাঁচ জন ম্যাজিষ্ট্রেট নিয়োগ করা হয়েছে । জেলা আয়ুক্তের জারী করা বিজ্ঞপ্তী অনুসারে বদরপুর রাজস্ব চক্রে মংভে এংঘি , নিলামবাজারে চক্র আধিকারীক অনুরাগ গগৈ , পাথারকান্দিতে অদিতি নুনিসা , রামকৃষ্ণনগরে অন্তরা পাল এবং শ্রীভূমি সদর রাজস্ব চক্রে বিকাশ ছেত্রীকে নিয়োগ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শিলচর লোক নির্মান বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে  জনসাধারনের নিরাপত্তা ও স্বাভাবিক যানবাহন চলাচল বজায় রাখতে সড়কের পাশে , নর্দমার উপরে রাখা নির্মান সামগ্রী  সরিয়ে নিতে নির্দেশ দিয়েছেন । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে নির্মান সামগ্রী সড়কের পাশে ফেলে রাখার ফলে পথচারীদের চলাচলে বিঘ্ন ঘটছে এবং যান চলাচলেও অসুবিধার সৃষ্টি হচ্ছে ।  সড়কের পাশে রাখা এই সব নির্মান সামগ্রী অবিলম্বে সরিয়ে নিতে নির্দেশ দেওয়া হয়েছে । নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট ব্যাক্তিদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে ।

---------------------------------------------------------------------------------